| MONDOL INTIMATES LIMITED | শিরোনাম | বয়স সনাক্তকরণ প্রক্রিয়া |
|---|---|---|
| | Last Update | জানুয়ারী ০৪, ২০২০ ইং |
| | Next Update | জানুয়ারী ০৪, ২০২১ ইং |
| | রেকর্ড নম্বর, ডকুমেন্ট | MI/Policy |

# বয়স সনাক্তকরণ প্রক্রিয়া
## (Age Verification Procedure)

- **উদ্দেশ্য:** বাংলাদেশ শ্রম বিধি ২০১৫ এর ধারা ৩৪ এবং অত্র প্রতিষ্ঠানের শিশু শ্রমিক নিয়োগ নীতিমালা অনুযায়ী শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ হওয়াই নিয়োগের পূর্বে শ্রমিকের বয়স যাচাই করা এ প্রক্রিয়ার মূল উদ্দেশ্য।

- **প্রযোজ্য ক্ষেত্র:** অত্র প্রতিষ্ঠানে কর্মে যোগ দিতে ইচ্ছুক কোন ব্যক্তির বয়স নিরুপনের ক্ষেত্রে বাহ্যিক ভাবে দেখে যদি শত ভাগ নিশ্চিত হওয়া যায় যে তার বয়স ১৮ বৎসরের উপরে তাহলে সেক্ষেত্রে উক্ত ব্যাক্তির বয়স নিরুপন করার জন্য কোন প্রকার পরীক্ষা নিরীক্ষা করার প্রয়োজন নেই। কিন্তু কাওকে দেখে যদি তার বয়স ১৮ বছর অতিক্রান্ত হয়েছে কিনা সন্দেহ হয় তবে সে ক্ষেত্রে তার বয়স নিরুপন করা হয়।

- **প্রক্রিয়া:** বয়স নিরুপনের জন্য সাধারণত দুই ধরনের পদ্ধতি অবলম্বন করা হয়। যথা:

১. **কাগজ পত্র যাঁচাই :** বয়স নিরুপনের ক্ষেত্রে নিন্মক্ত কাগজ পত্র যাঁচাই বাছাই করা হয়:

(ক) ভোটার আইডি কার্ড বা জাতীয় পরিচয় পত্র।

(খ) জন্ম নিবন্ধন সাটিফিকেট।

(গ) স্কুল সাটিফিকেট।

এ ক্ষেত্রে কোম্পানীর মানব সম্পদ বিভাগের কর্মকর্তাগণ এ কার্য সম্পাদন করেন।

যদি কোন কারনে কোন চাকুরী প্রার্থী উল্লিখিত কাগজ পত্র প্রদানে ব্যর্থ হয়, উক্ত কাগজ পত্রের মূল কপি প্রদর্শনে ব্যর্থ হয় (শুধু মাত্র নিয়োগের পূর্বে মূল কপি দেখতে চাওয়া হয় এবং সনাক্ত করার পর পরই তাকে ফটোকপি রেখে মূল কপি ফেরত দেওয়া হয়) অথবা কারো মূল কাগজ পত্র দেখেও যদি সন্দেহ হয় সে সকল ক্ষেত্রে বয়স যাচাইয়ের দ্বিতীয় পদ্ধতি অনুসরণ করা হয়:

২. **শারীরিক পরীক্ষা:** কাগজ পত্র পরীক্ষা করা ছাড়াও নিন্মক্ত পদ্ধতিতে প্রতিষ্ঠানের নিযুক্ত রেজিষ্টার্ড ডাক্তার বয়স নিরুপণ করে থাকেন:

(ক) দাঁতের গঠন দেখা

(খ) হাড় গননার মাধ্যমে

(গ) দাড়ি, গোফ যাচায়ের মাধ্যমে

(ঘ) উচ্চতা ও ওজন যাচাই করা

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

- **<u>শারীরিক পরীক্ষার ক্ষেত্রে নিন্মোক্ত বিষয় সমূহ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ</u>**

(ক) মহিলাদের ক্ষেত্রে প্রেগনেন্সি টেষ্ট করা।

(খ) মহিলাদের ক্ষেত্রে ঋতুস্রাবের শেষ তারিখ জিজ্ঞাসা করা।

(গ) কোন প্রকার যৌন হয়রানি করা।

(ঘ) অসম্মানজনক প্রশ্ন করা।

(ঙ) কোন বিষয়ে জোর জবরদস্তি করা।

**পরিশিষ্ট:** শারিরিক পরীক্ষার সকল কার্যক্রম সম্পন্ন হলে প্রাপ্ত তথ্য সমূহ নিন্মে চিত্রে উল্লেখিত বাংলাদেশ শ্রম বিধি ২০১৫ এর রেজিষ্টার্ড চিকিৎসক ফরম ১৫ অনুযায়ী বয়স ও সক্ষমতার প্রত্যয়ন পত্র প্রদান করা হয় এবং সে প্রত্যয়ন পত্রের কপি উক্ত শ্রমিকের ফাইলে সংরক্ষন করা হয়।

ফরম-১৫

[ধারা ৩৪, ৩৬, ৩৭ ও ২৭৭ এবং বিধি ৩৪(১) ও ৩৩৬(৪) দ্রষ্টব্য]

বয়স ও সক্ষমতার প্রত্যয়নপত্র

"রেজিস্টার্ড চিকিৎসকের প্যাড-এ"

| বয়স ও সক্ষমতার প্রত্যয়নপত্র | বয়স ও সক্ষমতার প্রত্যয়নপত্র |
|---|---|
| ১। ক্রমিক নং........................ | ১। ক্রমিক নং........................ |
| তারিখ.................................. | তারিখ.................................. |
| ২। নাম............................ | |
| ৩। পিতার নাম | আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে (নাম)<br>.................. পিতা .......................... মাতা ..........................................<br>..........................................................................................ঠিকানা<br>........................ ................................ কে আমি পরীক্ষা করিয়াছি। |
| ৪। মাতার নাম | |
| ৫। লিঙ্গ | তিনি প্রতিষ্ঠানে নিযুক্ত হইতে ইচ্ছুক, এবং আমার পরীক্ষা হইতে এইরূপ পাওয়া গিয়াছে যে তাহার বয়স ........................ বৎসর এবং তিনি প্রতিষ্ঠানে প্রাপ্ত বয়স্ক/ কিশোর হিসাবে নিযুক্ত হইবার যোগ্য। |
| ৬। স্থায়ী ঠিকানা .................................. | তাহার সনাক্তকরণের চিহ্ন .................................. |
| ৭। অস্থায়ী / যোগাযোগের ঠিকানা: ...................... | |
| ৮। জন্ম সনদ/ শিক্ষা সনদ অনুসারে বয়স/জন্ম তারিখ......... | |
| ৯। দৈহিক সক্ষমতা .................................. | |
| ১০। সনাক্তকরণ চিহ্ন .................................. | |
| সংশ্লিষ্ট ব্যক্তির স্বাক্ষর/টিপসহি    রেজিস্টার্ড চিকিৎসকের স্বাক্ষর | সংশ্লিষ্ট ব্যক্তির স্বাক্ষর/টিপসহি    রেজিস্টার্ড চিকিৎসকের স্বাক্ষর |

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, সেপ্টেম্বর ১৫, ২০১৫   ৭৫২৫

| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | [signature] |
|---|---|---|
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | [signature] |